

সম্পাদক
শাহাদত চৌধুরী

নির্বাহী সম্পাদক
গোলাম মোর্তোজা

প্রধান প্রতিবেদক
বদরুল আলম নাবিল
সহকারী সম্পাদক
জব্বার হোসেন
প্রতিবেদক

রুহুল ভাপস, সাজেদুর রহমান
হাসান মুর্তাজা, খোন্দকার তাজউদ্দিন
সহযোগী প্রতিবেদক
জাহাঙ্গীর আলম জুয়েল
খোন্দকার তানভীর জামিল

কার্টুন
রফিকুন নবী

চৌধুরী কামরুজ্জামান K
আব্দুল করিম Kewi qv, বনিমল Avntg`

প্রধান আলোকচিত্রী
তুহিন হোসেন
আলোকচিত্রী

সালাহ উদ্দিন টিটো

নিয়মিত লেখক
ফাহিম হুসাইন, মহিউদ্দিন নিলয়,
আরিফ খান মিরণ, মিশায়েল আহমাদ,
মা'ফ রনি, হাসান জামান, জুটন চৌধুরী
সাজিয়া আফরিন, মাহমুদ রাজু, টিটো রহমান

প্রতিনিধি
মামুন রহমান যশোর
বিদেশ প্রতিনিধি
জসিম মল্লিক কানাডা
মুনাওয়ার হুসাইন পিয়াল হলিউড
আকবর হায়দার কিরণ নিউইয়র্ক
নাজমুন নেসা পিয়ারী বার্লিন
কাজী ইনসান টোকিও

প্রযুক্তি বিভাগ প্রধান
শাহরিয়ার ইকবাল রাজ
প্রধান গ্রাফিক ডিজাইনার
নুরুল কবীর
শিল্প নির্দেশক
কনক আদিত্য
প্রদায়ক আলোকচিত্রী
সোহেল রানা রিপন
আনোয়ার মজুমদার

জেনারেল ম্যানেজার
শামসুল আলম

যোগাযোগ
৯৬-৯৭ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০
পিএবিএক্স : ৯৩৫০৯৫১ - ৩
সার্কুলেশন/বিজ্ঞাপন : ৯৩৪৯৪৫৯
ফ্যাক্স : ৯৩৫০৯৫৪
ই-মেইল : info@shaptahik2000.com

দাম : ১৫ টাকা


মিডিয়াওয়ার্ল্ড লিমিটেড
৫২ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০-এর পক্ষে
মাহফুজ আনাম কর্তৃক প্রকাশিত ও
ট্রান্সক্রাফট লিঃ, ২২৯ তেজগাঁও শিল্প এলাকা
ঢাকা-১২০৮ থেকে মুদ্রিত।

www.shaptahik2000.com

প্যাডোরার বাস্কট আচমকা যেন কেউ খুলে দিয়েছে। একে একে বেরিয়ে আসছে যত অশুভ। বিষাক্ত সাপের মতো লকলকে জিহ্বা বের করে গ্রাস করতে চলেছে বাংলাদেশকে। এই বিষ-দংশন মৌলবাদী জঙ্গিদের। জঙ্গিতে ছেয়ে গেছে গোটা দেশ। তাদের একের পর এক রোমহর্ষক আক্রমণ নাড়িয়ে দিচ্ছে আমাদের গণতন্ত্রের ভিত। ছিঁড়ে ফেলছে সাম্প্রদায়িক সম্প্রীতির ঠাস বুনট। আমরা ভীত, শঙ্কিত। আমাদের ভবিষ্যৎ অনিশ্চিত।

শুধু নিশ্চিত আছে সরকার। বিভিন্ন মহল থেকে সতর্ক করার পরও গা-করেনি খালেদা জিয়ার সরকার। জঙ্গি দমনে প্রশাসন নির্বিকার থেকেছে। মওকা বুঝে শক্তি সঞ্চয় করেছে জেএমবি এবং অনুরূপ জঙ্গি সংগঠনগুলো। বিপরীতে সরকারের জঙ্গি দমন পছা ধোঁয়াশাচ্ছন্ন। র্যাবের বিতর্কিত ক্রসফায়ারে অনেক সন্ত্রাসী মারা গেলেও মারা পড়েনি কোনো মৌলবাদী জঙ্গি। ব্যাপারটা অবাক করার মতো।

উদাসীনতার ফল হয়েছে ভয়াবহ। দেশ এখন আফগানিস্তান হতে চলেছে। বহির্বিশ্বে বাংলাদেশের ইমেজ বলতে কিছুই নেই। বিদেশী বিমানবন্দরগুলোতে বাংলাদেশী পাসপোর্টধারীদের সন্দেহের চোখে দেখা হয়। উন্নয়ন সহযোগীরাও জানিয়েছে, এই জঙ্গি তৎপরতা অব্যাহত থাকলে বন্ধ হয়ে যাবে সাহায্য। সব মিলিয়ে আমরা অনিশ্চিত ভবিষ্যতের সামনে দাঁড়িয়ে। মাননীয় প্রধানমন্ত্রী অনুগ্রহ করে ঘুম থেকে উঠবেন কি?



চৌধুরী কামরুজ্জামান

